

# কাড়বে মাটি

মইটা টানে  
পাকা ধানে  
দিনটা গুণে  
আঘাত হানে      পুঁজির বাহন।  
রাতের হানায়  
অস্ত্র শানায়  
সাপের ফণায়  
গল্প শোনায়      সপ্ত কাহন।  
কাড়বে মাটি  
বাঁধছে ঘাটি।  
দাঁত কপাটি  
পাঠায় চিঠি      দস্যু মোহন।  
জোয়ার ভাটা  
তাম্বু খাটা  
আসছে সেটা-  
নোটস সাঁটা      অধি গ্রহণ

## ও কিষাণী

বিশ্বায়নের ছাতার তলে  
বনবে গাড়ি খুড়োর কলে  
নোকরি পাবি গতর দিলে  
জমিনটা চাই ছলে বলে      হই পাষণই।  
- হস্তে ফাঁদ

চাষা মেরে চড়াই শূলে  
মুখটা দেখাই মুখোশ খুলে  
তিলক কাটি পুঁজির ধুলো  
হাত রাঙিয়ে ধরছি তুলে      সেই নিশানই।  
- কাস্তে বাদ।

মরদটা তোর যাকনা জেলে  
শিল্পে জোয়ার আনতে গেলে  
এমন কতোই কুটির জ্বলে  
মরলো মোটে একটি ছেলে      ও কিষাণী  
- আস্তে কাঁদ!